অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ককে বন্দুক সহিংসতা হ্রাস করা অব্যাহত রাখতে সাহায্য করার জন্য তরুণ কর্মসংস্থান কর্মসূচির পরবর্তী পর্যায়ের জন্য প্রায় 40 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

পরবর্তী পর্যায় আরো 2,500 তরুণদের চাকরির সুযোগ এবং প্রশিক্ষণ প্রদান করবে

সাম্প্রতিক বছরগুলিতে কর্মসূচিটি ইতিমধ্যেই কয়েক হাজার তরুণকে চাকরির সাথে সংযুক্ত করেছে এবং বন্দুক সহিংসতা হ্রাস করেছে

পুরো নিউ ইয়র্কের সম্প্রদায় সমূহে জুলাই মাস পর্যন্ত গুলির ঘটনা 29 শতাংশ হ্রাস পেয়েছে, যা ঐতিহাসিকভাবে কম

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে তরুণ কর্মসংস্থান কর্মসূচির (Youth Employment Program) পরবর্তী পর্যায়ের জন্য প্রায় 40 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, যা পুরো স্টেটের সম্প্রদায়সমূহে ঝুঁকিতে থাকা তরুণদের চাকরির সুযোগ ও প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে বন্দুক সহিংসতা হ্রাস করা অব্যাহত রাখতে নিউ ইয়র্ককে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে কর্মসূচিটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এটি 21টি কাউন্টিতে সক্রিয় রয়েছে যেখানে নিউ ইয়র্ক সিটির বাইরে স্টেটের অধিকাংশ জনসংখ্যা বসবাস করে।

"জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং এই স্টেটের জনগণকে নিরাপদ রাখার এবং আমাদের সবথেকে দুর্বল তরুণদের সুরক্ষিত রাখার লড়াই আমি কখনো বন্ধ করবো না," **গভর্নর হোকল বলেন।** "তরুণ কর্মসংস্থান কর্মসূচিটি পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহে বন্দুক সহিংসতার কলঙ্ক নির্মূল করতে আমার প্রশাসনের সার্বিক পন্থাকে বলীয়ান করে, এবং একই সাথে ঝুঁকিতে থাকা তরুণদের মূল্যবান কাজের অভিজ্ঞতা ও দক্ষতা প্রদান করে যা তাদের বলীয়ান ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করবে।"

আজকে প্রদত্ত 38.8 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে রয়েছে GIV উদ্যোগ থেকে সমর্থন লাভ করা অঞ্চলগুলিতে তরুণদের জন্য সারা বছরের চাকরি ও প্রশিক্ষণের সুযোগ। এই তহবিলটি 2024 সালের সেপ্টেম্বর থেকে 2025 সালের জুন পর্যন্ত স্টেটের এইসব এলাকায় আনুমানিক 2,500

নিম্ন আয়ের, ঝুঁকিতে থাকা তরুণদের জন্য সবেতন কাজ ও প্রশিক্ষণের সুযোগ প্রদান করবে বলে আশা করা যাচ্ছে।

অঞ্চল	**পরিমাণ**
Capital Region	$2,513,157
Central New York	$3,053,407
Finger Lakes	$3,945,970
Long Island	$7,941,588
Mid-Hudson	$10,526,973
Mohawk Valley	$1,339,113
North Country	$511,728
Southern Tier	$2,090,487
Western New York	$6,877,577
মোট	**$38.8 million**

নিউ ইয়র্ক স্টেটের তরুণ কর্মসংস্থান কর্মসূচি এবং GIVE উদ্যোগ ইতিমধ্যেই তরুণদের জন্য সুযোগ তৈরিতে এবং পুরো স্টেটের বন্দুক সহিংসতা হ্রাস করতে কার্যকর হিসেবে প্রমাণিত হয়েছে।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, তরুণ কর্মসংস্থান কর্মসূচিটি ইতিমধ্যেই কয়েক হাজার তরুণদের চাকরি ও প্রশিক্ষণের সাথে সংযুক্ত করে দিয়েছে। কর্মসূচির সর্বশেষ পর্যায়টি 1 জানুয়ারি থেকে 30 জুন, 2024 পর্যন্ত চলেছে, এই সময়ে আনুমানিক 2,650 তরুণ কর্মসূচিতে অংশগ্রহণ করে, তারা স্কুল, লাইব্রেরি, রেস্তোরাঁ, ক্যাম্প/চাইল্ড কেয়ার কর্মসূচি, সম্প্রদায়ের সংগঠন ইত্যাদি চাকরির ক্ষেত্রে কাজ করে।

এই কর্মসূচি এবং GIVE এর মাধ্যমে হওয়া অন্যান্য বিনিয়োগের ফলাফল হিসেবে এই সপ্তাহে গভর্নর হোকল এটিও ঘোষণা করেন যে 2024 সালের জুলাই মাস পর্যন্ত গত বছরের একই সাত মাস সময়কালে গুলিতে আহত হওয়ার ঘটনা 29 শতাংশ হ্রাস পেয়েছে, যা GIVE উদ্যোগে অংশগ্রহণ করা 21টি কাউন্টির 28টি পুলিশ বিভাগ প্রতিবেদন করেছে। বহু GIVE জেলাতে গুলির ঘটনা এখন দুই দশক পূর্বে এই তথ্য সংগ্রহ করা শুরু করার সময় থেকে শুরু করে বর্তমানে জানামতে সর্বনিম্ন পর্যায়ে রয়েছে।

তরুণ কর্মসংস্থান কর্মসূচির পরবর্তী পর্যায় অগ্রসর করার আজকের ঘোষণাটি সেই কার্যকর কাজকে অব্যাহত রাখবে। গবেষণায় দেখা গেছে যে দুর্বল ঝুঁকিতে থাকা এবং বেকার তরুণেরা জীবনের পরবর্তী পর্যায়ে দারিদ্র্য, মানসিক স্বাস্থ্য এবং অপরাধ ও বিচারে জড়িয়ে পড়ে সংগ্রাম করে। পাশাপাশি, ট্রমা ও সহিংসতার সম্মুখীন হওয়া তরুণেরা জীবনের পরবর্তী পর্যায়ে দীর্ঘমেয়াদি ক্ষতিকর প্রভাবে ভুগতে পারে, যেমন সফল কর্মসংস্থান এবং আর্থিক স্থিতিশীলতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা।

তরুণ কর্মসংস্থান কর্মসূচির দ্বিতীয় পর্যায়টি সেপ্টেম্বর থেকে জুন পর্যন্ত চলবে। কর্মসূচির জন্য যোগ্য হতে, তরুণদের বয়স 14 থেকে 20 বছরের মধ্যে হতে হবে এবং ফেডারেল দারিদ্র্য সীমার 200 ভাগের কম গৃহস্থালির আয় থাকতে হবে, যা গৃহস্থালির আকারের উপর নির্ভর করে, উদাহরণস্বরূপ, তিন সদস্যের একটি পরিবারের জন্য এটি 51,640 মার্কিন ডলার

তরুণ কর্মসংস্থান কর্মসূচি প্রদানকারীদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং ঝুঁকিতে থাকা তরুণদের সেবাদান করা অন্যান্য স্থানীয় সংগঠনের সাথে সহযোগিতা করতে উৎসাহিত করা হচ্ছে এবং তাদের জেলায় SNUG স্ট্রিট আউটরিচ (SNUG Street Outreach) কর্মসূচির মতো কর্মসূচি উপলভ্য থাকলে তাদেরকে অবশ্যই স্থানীয় কর্মসূচির সাথে সহযোগিতা করতে হবে। স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগ (Division of Criminal Justice Services) দ্বারা পরিচালিত SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচিটি উৎস সনাক্ত, বিস্তার বিঘ্নিত, এবং সহিংসতা দ্বারা আক্রান্ত ব্যক্তি, পরিবার ও সম্প্রদায়ের চিকিৎসা করার মাধ্যমে বন্দুক সহিংসতা সমাধান করতে একটি জনস্বাস্থ্য পন্থা অবলম্বন করে।

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার বারবারা সি গুইন বলেন, "আমরা জানি যে ঝুঁকিতে থাকা তরুণদের মূল্যবান কাজের অভিজ্ঞতা ও ক্যারিয়ার সমর্থন প্রদান করার মাধ্যমে আমরা বন্দুক সহিংসতার বিধ্বংসী চক্র আমাদের সম্প্রদায়ে যেই দীর্ঘমেয়াদি প্রভাব ফেলতে পারে তা থেকে তাদের সুরক্ষিত রাখতে সাহায্য করতে পারবো। স্টেটের বন্দুক সহিংসতা দ্বারা প্রত্যক্ষভাবে সবথেকে বেশি আক্রান্ত অংশের ঝুঁকিতে থাকা তরুণদের জন্য আরো সারা বছরের কাজের সুযোগ তৈরি করার মাধ্যমে তরুণ কর্মসংস্থান কর্মসূচিটি গ্রীষ্মকালীন তরুণ কর্মসংস্থান কর্মসূচির সাফল্যকে অগ্রসর করতে আমাদেরকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "চাকরি তরুণ নিউ ইয়র্কবাসীদের শুধু উদ্দেশ্য ও দিকের ধারণা প্রদান করে না, বরং এছাড়াও আরো উজ্জ্বল, আরো নিরাপদ একটি ভবিষ্যৎ গঠন করতে তাদের প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা প্রদান করে। কর্মীবাহিনী বিকাশে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য, বিশেষ করে তরুণদের জন্য যারা আগামীর অর্থনীতির চূড়ান্ত শক্তি হয়ে উঠবে, আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের কমিশনার রোসানা রোসাডো বলেন, "ঠিক যেভাবে আমরা বন্দুক সহিংসতা আরো কমিয়ে আনতে কাজ করতে থাকা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে অংশীদারিত্ব করছি, ঠিক সেভাবেই আমরা তরুণ ও পরিবারের জন্য মেন্টরিং, এবং কর্মসূচি ও সেবা প্রদানকারী সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহকে সমর্থন করছি। তরুণদের জন্য সারা বছরের চাকরি পাওয়ার সুযোগ অতি গুরুত্বপূর্ণ এবং এটি আমাদের প্রয়াসের সম্পূরক। জনস্বাস্থ্য বিষয়ে গভর্নর হোকলের নেতৃত্ব এবং তরুণ, পরিবার, এবং সম্প্রদায়সমূহকে সমৃদ্ধি করতে সাহায্য করে এমন কর্মসূচির অর্থায়নে তার প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Service) কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "তরুণ কর্মসংস্থান কর্মসূচিটি ইতিবাচক তারুণ্যের বিকাশ, চাকরি পাওয়ার দক্ষতা, এবং পরিশেষে আত্মনির্ভরতার প্রসারে নিউ ইয়র্ক স্টেটের প্রয়াসের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ তত্ত্বাবধানহীন সময়ে গঠনমূলক কার্যক্রম প্রদান করা এবং অবৈধ বিকল্প থাকা সত্ত্বেও তরুণদের উপার্জনের বৈধ উপায় লাভের সুযোগ প্রদান করার এই সার্বিক পন্থাটি প্রয়োজনীয়, যদি আমরা বন্দুক সহিংসতা এবং অপরাধ হ্রাস করতে চাই।। গবেষণায় দেখা গেছে যে তরুণদের কর্মসংস্থান অপরাধের জন্য তরুণদের গ্রেফতারের ঘটনা 17 শতাংশ হ্রাস করে, তাই সারা বছর তরুণ কর্মসংস্থান সুযোগে বিনিয়োগ করার বিজ্ঞ সিদ্ধান্ত গভর্নর গ্রহণ করেছেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন